**প্রেস বিজ্ঞপ্তি**

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৬৮টি প্রতিষ্ঠানকে ৩.৮১ লক্ষ টাকা জরিমানা

**২৮ সেপ্টেম্বর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** বিভিন্ন জেলা কার্যালয়ের ২১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী, হবিগঞ্জ, নওগাঁ, বরগুনা, যশোর, কুড়িগ্রাম, মানিকগঞ্জ, শেরপুর, নরসিংদী, দিনাজপুর, টাঙ্গাইল, পঞ্চগড়, সুনামগঞ্জ, ঝিনাইদহ, সিরাজগঞ্জ ও চুয়াডাঙ্গায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ভাগ্যকুল সুইটস এন্ড বেকারীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে মেডিসিন প্লাস ও লিড ফার্মাকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা করে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা এবং পণ্যের মূল্য তালিকা প্রদর্শণ না করা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মুসলিম সুইটমিটকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার)** জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম বেকারীকে **১০,০০০/- (দশ হাজার) টাকা** এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ওয়েস্টার রেস্টুরেন্টকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা** জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক মোঃ কামাল উদ্দীনের নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫৪,০০০/- (চুয়ান্ন হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ডাবলমুরিং থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব আধকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরের রাজপাড়া থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের নবিগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৯,০০০/- (উনত্রিশ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁর পত্নীতলা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনার আমতলী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,৭০০/- (চার হাজার সাতশত)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোরের সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক আহম্মেদের নেতৃত্বে মানিকগঞ্জের শিবালয় উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুলের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদীর মনোহরদি উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের বিরল উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের বোদা উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের মহেশপুর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আটার হাজার)** টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে সিরাজগঞ্জের বেলকুচি উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)**

টাকা এবং চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **২,৮৬,২০০/- (দুই লক্ষ ছিয়াশি হাজার দুইশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **২১টি** বাজার তদারকির মাধ্যমে **৬৮টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৮১,২০০/- (তিন লক্ষ একাশি হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, ক্যাব, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, প্রাণী সম্পদ কর্মকর্তা ও স্যানেটারী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী, হবিগঞ্জ, নওগাঁ, বরগুনা, যশোর, কুড়িগ্রাম, মানিকগঞ্জ, শেরপুর, নরসিংদী, দিনাজপুর, টাঙ্গাইল, পঞ্চগড়, সুনামগঞ্জ, ঝিনাইদহ, সিরাজগঞ্জ ও চুয়াডাঙ্গা।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী, হবিগঞ্জ, নওগাঁ, বরগুনা, যশোর, কুড়িগ্রাম, মানিকগঞ্জ, শেরপুর, নরসিংদী, দিনাজপুর, টাঙ্গাইল, পঞ্চগড়, সুনামগঞ্জ, ঝিনাইদহ, সিরাজগঞ্জ ও চুয়াডাঙ্গা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।